গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
রাজস্ব শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৪.৪৭০০.০৩১.৩২.০৩৪.২১- ৫০ (১২০)

তারিখঃ ২৮ পৌষ ১৪২৭
১২ জানুয়ারি ২০২১

## "২০ একরের উর্ধ্বের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর বিধি বিধানের আলোকে এবং ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত সংশ্লিষ্ট পরিপত্র/নির্দেশনা মোতাবেক খুলনা জেলাধীন ২০ একরের উর্ধ্বের নিম্ন তালিকায় উল্লেখিত জলমহালসমূহ নির্ধারিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলা ১৪২৮ হতে ১৪৩০ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। শুধুমাত্র আগ্রহী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সীলগালাকৃত মুখবন্ধ খামে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন ফরম ক্রয়/দাখিলের যোগ্যতা ও ইজারা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা'র রাজস্ব শাখা হতে জানা যাবে। এজন্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে নির্দিষ্ট আবেদন ফরম শুধুমাত্র জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা এবং অত্র জেলাধীন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ক্রয় করা যাবে। উল্লেখ্য, আবেদনসমূহ শুধুমাত্র জেলা প্রশাসক, খুলনা এর কার্যালয়ে গ্রহণ করা হবে।

### আবেদন ফরম বিক্রয় ও দাখিলের সময়সূচী

| পর্ব সংখ্যা | আবেদন ফরম বিক্রয়ের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সম্ভাব্য তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম পর্ব | ২৪-০১-২০২১ হতে ০৩-০২-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) | ০৪-০২-২০২১ খ্রি. তারিখ (সকাল ৯:৩০-বেলা ১.০০টা পর্যন্ত) | ০৪-০২-২০২১ খ্রি. বিকাল ৩.৩০০ টা | ০৯-০২-২০২১ খ্রি.- বেলা ১১.৩০ টা (প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) |
| ২য় পর্ব | ১৪-০২-২০২১ হতে ১৭-০২-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) | ১৮-০২-২০২১ খ্রি. তারিখ (সকাল ৯:৩০-বেলা ১.০০টা পর্যন্ত) | ১৮-০২-২০২১ খ্রি. বিকাল ৩.৩০ টা | ২৩-০২-২০২১ খ্রি.- বেলা ১১.৩০ টা (প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) |
| ৩য় পর্ব | ০১-০৩-২০২১ হতে ০৭-০৩-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) | ০৮-০৩-২০২১ খ্রি. তারিখ (সকাল ৯:৩০-বেলা ১.০০টা পর্যন্ত) | ০৮-০৩-২০২১ খ্রি. বিকাল ৩.৩০ টা | ১১-০৩-২০২১ খ্রি.- বেলা ১১.৩০ টা (প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) |

### বাংলা ১৪২৮-১৪৩০ সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের উপজেলাওয়ারি তালিকা:

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | ১৪২৮ সনের জন্য সরকারি সম্ভাব্য মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পাইকগাছা | চকহরিখালী (বদ্ধ) | ৩৪.৩৮ | ৪,৪১,৫৫১/- |
| ২ | | খড়িয়া ঢেমসাখালী (বদ্ধ) | ৮৩,৭৯ | ৬০,৯০০/- |
| ৩ | | গুনাখালী (বদ্ধ) | ১২১.৮৯ | ৯,৭২১/- |
| ৪ | | পুটিমারী মৌজা (বদ্ধ) | ৫৯.০৫ | ৩১,৫০০/- |
| ৫ | | হেল্ডিং-১৪ (বদ্ধ) | ৮১.৫০ | ১১,৮১৩/- |
| ৬ | | হোল্ডিং-২০ (বদ্ধ) | ২৬.১৫ | ১,৮৩৮/- |
| ৭ | | শংকরদানা (বদ্ধ) | ২২.১৩ | ৩৯,৩৭৫/- |
| ৮ | | আলমতলা খাল (বদ্ধ) | ৪০.০১ | ১০,৫০০/- |
| ৯ | | হোল্ডিং-২৮ (বদ্ধ) | ৪৩.৬৮ | ২৬,৩২৯/- |
| ১০ | | তৌজি-১৫৪ খাল (বদ্ধ) | ২৩.৫২ | ১৩,২০৯/- |
| ১১ | | গোয়ালবাথান (বদ্ধ) | ৩৯.৩২ | ৬৩,৩৯৪/- |
| ১২ | | চক্রিবক্রি নদী (বদ্ধ) | ৩৫.৭০ | ৪,৬৪,১০০/- |
| ১৩ | | পানা শামুকপোতা (বদ্ধ) | ২৪.৪৩ | ৬৬,৬৭৫/- |
| ১৪ | | ওড়াবুনিয়া খাল (বদ্ধ) | ৩০.৮৫ | ১,১৫,৫০০/- |
| ১৫ | | রাধানগর (বদ্ধ) | ২২.৮৩ | ২৬,২৫০/- |
| ১৬ | | হোল্ডিং-২৪ (বদ্ধ) | ১৪২.৪১ | ১১,৩১৯/- |
| ১৭ | | লক্ষ্মীখালা মৌজা (বদ্ধ) | ৭৬.৮৮ | ২৫,২০০/- |
| ১৮ | | মৌখালী-কমলাপুর তালবাড়ী (বদ্ধ) | ৩২.৯৬ | ৬,০৯০/- |
| ১৯ | | হাড়িয়া ধলাই (বদ্ধ) | ৪২.৬০ | ২৬,২৫০/- |
| ২০ | | কাকড়াবুনিয়া খাল (বদ্ধ) | ২৬.১৮ | ১৪,১৭৫/- |
| ২১ | | কাশিমনগর (বদ্ধ) | ২১.২৭ | ১,৪২,৯৭৫/- |
| ২২ | | কামারাবাদ খাল (বদ্ধ) (নিষেধাজ্ঞার অংশ বাদে) | ২২.৪৫ | ১,৪২,৮০০/- |
| ২৩ | | কাটাবুনিয়া মৌজা (বদ্ধ) | ২৪.২৫ | ৩,২৭,০৭৫/- |
| ২৪ | | কুড়ুলিয়া নদী (বদ্ধ) | ২৪.২৫ | ২৪,১৫০/- |
| ২৫ | | হানিমুনকিয়া (বদ্ধ) | ২৭.১২ | ৪৫,১৫০/- |
| ২৬ | | আন্ধারমানিক (বদ্ধ) | ২২.৩০ | ৫,০৪০/- |
| ২৭ | বটিয়াঘাটা | নোয়াইলতলা ভান্ডারকাট (বদ্ধ) | ৩০.৮৫ | ৬৭,২০০/- |
| ২৮ | | নায়েনখালী খাল (বদ্ধ) | ৮৪.৭৯ | ২,৭৮,৯৮৫/- |
| ২৯ | | নালুয়া নদী (বদ্ধ) | ৫৩.৮৪ | ৩,১৫,০০০/- |
| ৩০ | | রাঙ্গেমারী (বদ্ধ) (নিষেধাজ্ঞার অংশ বাদে) | ২৯.৮৬ | ২,৩৬.২৫০/- |
| ৩১ | রূপসা | খোজাডাংগা (বদ্ধ) | ২৬.০১ | ১৮,৬৩৮/- |
| ৩২ | | নড়নিয়া বিল (বদ্ধ) | ১২৫.৬৭ | ৫৭,৭৫০/- |

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | ১৪২৮ সনের জন্য সরকারি সম্ভাব্য মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৩ | ডুমুরিয়া | মধুগ্রাম বিল (বদ্ধ) | ৩৭.৮৯ | ৬৩,০০০/- |
| ৩৪ | | চিত্রামারী (বদ্ধ) | ২৫.২৬ | ৫৯,৩২৯/- |
| ৩৫ | | গাজীনগর (বদ্ধ) | ৩৮.১৭ | ২২,৩৬৫/- |
| ৩৬ | | খুটাখালীরচক (বদ্ধ) | ৩০.৯৫ | ১,০০,৪০৬/- |
| ৩৭ | | ঘ্যাংরাইল নদী (বদ্ধ) (নিষেঃ অংশ বাদে) | ১৫৯.৬৬ | ৪৬,৪৩৪/- |
| ৩৮ | | বাগ আঁচড়া (বদ্ধ) | ২২.৩২ | ৪৩,১৫৫/- |
| ৩৯ | | মাধবখালী (বদ্ধ) | ৩৬.৯৬ | ৭৩,৫০০/- |
| ৪০ | | রমাখালী খাল (বদ্ধ) | ৩৭.৪৮ | ৫৪,১১২/- |
| ৪১ | | কিচিমিচি (বদ্ধ) | ৪০.৯৬ | ১০,৬০৫/- |
| ৪২ | | ভদ্রা নদী (বদ্ধ) | ১৯১.৬১ | ৫৭,৭৫০/- |
| ৪৩ | | আন্ধারমানিক (বদ্ধ) | ৭৩.০০ | ২০,৪৭৬/- |
| ৪৪ | | হীরা বৈষ্টমী কেয়াখালী (বদ্ধ) | ২৯.১৪ | ২৮,৬৬৫/- |
| ৪৫ | | খানা পাড়িয়া (বদ্ধ) | ৩৮.২০ | ২১,০০০/- |
| ৪৬ | | বাওড়ের খাল (বদ্ধ) | ২৫.৫৮ | ১৮,৩৭৫/- |
| ৪৭ | | বাশছত্রা, গুয়াতলা (বদ্ধ) | ২৩.২১ | ২৭,৪০৫/- |
| ৪৮ | | বিল পাবলা (বদ্ধ) | ১৬৬.০০ | ৩,৩০,৭৫০/- |
| ৪৯ | | চিলা নদী (বদ্ধ) | ৪৯.১৫ | ৮৯,৭২৬/- |
| ৫০ | কয়রা | চক নারিকলতলা (বদ্ধ) | ২২.৫৫ | ৫৮,২৩৩/- |
| ৫১ | | তেতুলতলা মৌজা (বদ্ধ) | ২৩.৭৩ | ৫৮,২৭৫/- |
| ৫২ | | খোড়লকাঠি খাল (বদ্ধ) (নিষেধাজ্ঞার অংশ বাদে) | ৫৪.৯২ | ৪,৫৬,৭৫০/- |
| ৫৩ | | টেকের খাল (বদ্ধ) (নিষেধাজ্ঞার অংশ বাদে) | ২৬.৪৪ | ৩,৩৬,০০০/- |
| ৫৪ | | সিংহের খাল (বদ্ধ) | ২৬.৯৮ | ২,১০,০০০/- |
| ৫৫ | | সুড়িখালী খাল (বদ্ধ) (নিষেধাজ্ঞার অংশ বাদে) | ৩১.৮৩ | ২,২০,৫০০/- |
| ৫৬ | দাকোপ | মৌখালী দোয়ানিয়া (বদ্ধ) | ২০.১৮ | ৩১,২৯৫/- |
| ৫৭ | | দক্ষিণ বটবুনিয়া (বদ্ধ) | ২৪.৪৭ | ৮৯,৩৫৫/- |
| ৫৮ | | দোয়ানিয়া খাল (বদ্ধ) | ৭৬.১৪ | ৩২,৫৫০/- |
| ৫৯ | | লাউডোব খাল (বদ্ধ) | ২২.১৩ | ১,৯০,০৫০/- |
| ৬০ | | গুনারী মৌজা (বদ্ধ) | ৫৪.১২ | ১,১১,৩০০/- |
| ৬১ | | কামিনিবাসী খাল (বদ্ধ) | ২২.৫৭ | ২৯,৫৩১/- |
| ৬২ | | মৌখালী খাল (বদ্ধ) | ৩০.০০ | ৫৪,১২৮/- |
| ৬৩ | | চালনা খাল (বদ্ধ) | ২৫.০৫ | ১৩,১২৫/- |

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | ১৪২৮ সনের জন্য সরকারি সম্ভাব্য মূল্য | ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | ১৪২৮ সনের জন্য সরকারি সম্ভাব্য মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬৪ | তেরখাদা | আটলিয়া (বদ্ধ) | ৫১.৩৫ | ৬,৮২৫/- | ৭০ | তেরখাদা | চাপড়া বিল | ২৯.৭৪ | ৬,৮২৫/- |
| ৬৫ | | আড়বুনিয়া | ২২.২৫ | ১৮,৯০০/- | ৭১ | | ইছামতি (বদ্ধ) | ৪৪.৪৮ | ৫,৪৬০/- |
| ৬৬ | | আগরখালী (বদ্ধ) | ৩১.৪৮ | ৬,৮২৫/- | ৭২ | | কুমিরডাংগা (বদ্ধ) | ৩৩.৫০ | ১৩,৬৫০/- |
| ৬৭ | | চিত্রা নদী (বদ্ধ) | ১৩৩.৭৮ | ৭,৮৭৫/- | ৭৩ | | ঠেংগারনাল জলকর (বদ্ধ) | ৫১.৭৯ | ৫২,৫০০/- |
| ৬৮ | | ভুতের বিল (বদ্ধ) | ৫১.৩৯ | ১৪,১৭৫/- | ৭৪ | | ধোপার খাল জলকর (বদ্ধ) | ২৮.৮৪ | ৪৭,২৫০/- |
| ৬৯ | | কাটাশিশা (বদ্ধ) | ২৪.৯৮ | ৬,১১১/- | | | | | |

**প্রয়োজনীয় শর্তাবলীঃ-**

১। প্রকাশিত সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অ-নিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

২। আবেদন দাখিলের পূর্বে প্রস্তাবিত জলমহালের অবস্থান, পরিমাণ ইত্যাদি সরেজমিনে যেয়ে দর্শন করে আবেদনপত্র দাখিল করতে হবে। জলমহাল ইজারা প্রদানের/গ্রহণের পরবর্তীতে এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে ইজারাদাতা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩। আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং একইসাথে সকল কাগজেরর অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

৪। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন এবং ০৩ (তিন) বিগত বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। নতুন সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৫। আবেদন ফরমের সাথে আবেদনকারী সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

৬। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল-এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। দাখিলকৃত কোন আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৭। সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত/উদ্ধৃত ইজারা মূল্যের উপর ২০% অর্থ জামানত হিসাবে **"জেলা প্রশাসক, খুলনা"**-এর অনুকূলে ইস্যুকৃত মূল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। উল্লেখ্য, আবেদনের সাথে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এর নির্দেশনার অতিরিক্ত কোন কাগজপত্র দাখিল/সংযুক্ত করা থেকে বিরত থাকতে হবে।

৮। স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সমিতির মধ্যে যে সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী সে নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতির প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে জলমহাল ইজারা প্রদান করা হবে। প্রকৃত মৎস্যজীবী সমিতি না পাওয়ার ক্ষেত্রে পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

০৯। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। প্রকৃত মৎস্যজীবী নিরূপণের ক্ষেত্রে **FID** বিবেচনায় নেয়া হবে এবং কার্ডধারী মৎস্যজীবীদের সমিতি অগ্রাধিকার পাবে।

১০। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইঅন্তে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে জলমহাল ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হবে। প্রস্তাব অনুমোদনের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে অনুমোদিত ইজারামূল্য, উক্ত ইজারামূল্যের উপর ৫% আয়কর ও ১৫% ভ্যাট সাকুল্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১১। প্রথম বছরের ইজারা মূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে আবেদনকারীকে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্ত সম্পাদন করতে হবে। লীজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল গ্রহণ করা যাবে না। অনুমোদিত জলমহালের সমুদয় রাজস্ব জমা হওয়ার পর জলমহালের দখলনামা প্রদান করা হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২। অনুমোদিত ইজারাকৃত জলমহালে ধারাবাহিক দখল রক্ষার্থে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর বিধি মোতাবেক ইজারার ২য় ও ৩য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য, ভ্যাট ও আয়কর পূর্ববর্তী (১ম/২য়) বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তাহলে উক্ত লীজ বাতিল বলে গণ্য হবে এবং লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৪। জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও ইজারা মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছর ৩০ চৈত্র তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি তা দাবি করতে পারবে না।

১৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহণ করতে পারবে না। এ সংক্রান্তে সঠিক তথ্য প্রদান করতে হবে।

১৬। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতির এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্তে কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৭। উল্লেখ্য যে, কোন জলমহাল/জলমহালের অংশ বিশেষের উপর মন্ত্রণালয়ের/দেওয়ানী আদালতের/মহামান্য হাইকোর্ট বিভাগের/আপীল বিভাগের স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞা থাকলে তা এই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও ইজারা বহির্ভূত থাকবে। তবে জলমহাল নিয়ে মামলা আছে কিন্তু আদালতের স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞা নেই এরূপ ক্ষেত্রে ইজারা প্রদান করা হবে।

(চলমান পাতা-০৩)

১৮। আবেদন ফরমে সাথে দাখিলকৃত সংশ্লিষ্ট সকল কাগজের পাতায় স্বাক্ষর করে আবেদিত জলমহালের নাম খামের উপর স্পষ্টভাবে লিখে মুখ বন্ধ খামে সীলগালা অবস্থায় জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। বিজ্ঞপ্তি মোতাবেক দরপত্র বাক্স খোলা হবে। এজন্য বাক্স খোলার সময় আবেদন জমাকারী ব্যক্তি উপস্থিত থাকতে চাইলে যথাসময়ে উপস্থিত থাকতে পারবেন।

১৯। আবেদন ফরমে কোনরূপ ঘষামাজা, কাটাকাটি বা ফ্লুইড দেয়া যাবে না। ত্রুটপূর্ণ আবেদন দাখিল করা যাবে না বা করলেও তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২০। উপরে বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জানার প্রয়োজন হলে তা অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট অফিস/শাখা হতে জানা যাবে।

২১। যেকোন দরপত্র বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

| | |
|---|---|
| প্রাপ্তি নং: | তারিখ: ৭১/১/২১ |
| প্রশাসনিক কর্মকর্তা | অতি জরুরী |
| জিআর | |
| অফিস সহকারী | |
| হিসাব সহকারী | |
| সার্টিফিকেট সহকারী | নাইজার করুন |
| উপজেলা..........অফিসার<br>বটিয়াঘাটা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার<br>বটিয়াঘাটা, খুলনা। |

১১/০১/২০২১
(মোহাম্মদ হেলাল হোসেন পিএএ)
জেলা প্রশাসক, খুলনা
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
ফোনঃ ০২-৪৭৭৭২১১১১ (অফিস)
ফ্যাক্সঃ ০৪১-৭৩১৭৫০ (অফিস)
ই-মেইলঃ dckhulna@mopa.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৪.৪৭০০.০৩১.৩২.০৩৪.২১- ৫০ (১২০)

তারিখঃ ২৮ পৌষ ১৪২৭ / ১২ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে লটকিয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরিত হলোঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন (৮ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, খুলনা।
৫. পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা। (বিজ্ঞপ্তি মোতাবেক প্রতি পর্বে দরপত্র দাখিলের তারিখে উপযুক্ত সংখ্যক পুলিশ ফোর্স প্রেরণের অনুরোধসহ।)
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৭. পুলিশ সুপার, খুলনা
৮. সিভিল সার্জন, খুলনা।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।
১০. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/ সড়ক ও জনপথ বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/এলজিইডি, খুলনা।
১১. জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা/জেলা সমবায় কর্মকর্তা, খুলনা। (প্রতি পর্বের জেলা কমিটির সভার পূর্বে চাহিত সংশ্লিষ্ট প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ।)
১২. উপ-পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনা। (বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
১৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, খুলনা/সমাজসেবা অধিদপ্তর, খুলনা।
১৪. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা। (বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
১৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রূপসা/তেরখাদা/দিঘলিয়া/ফুলতলা/ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/পাইকগাছা/কয়রা, খুলনা।
১৬. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা। (বিজ্ঞপ্তিটি অত্র জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
১৭. জেলা রেজিস্ট্রার, খুলনা।
১৮. সহকারী কমিশনার (ভূমি), রূপসা/তেরখাদা/ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/পাইকগাছা/কয়রা, খুলনা। (বিজ্ঞপ্তিটি তার নিয়ন্ত্রণাধীন সকল ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণপূর্বক ব্যাপক প্রচারের নির্দেশনা প্রদানের অনুরোধসহ।)
১৯. সহকারী কমিশনার (গোপনীয়/আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
২০. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)/উপজেলা সমবায় অফিসার (সকল)/উপজেলা সমাজসেবা অফিসার (সকল), খুলনা।
২১. বিজ্ঞ জিপি, খুলনা/বিজ্ঞ এলজিপি, কয়রা/পাইকগাছা, খুলনা।
২২. সম্পাদক, ................................................................, খুলনা।
২৩. সম্পাদক, ................................................................। (ইজারা বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ভিতরের পাতায় ০১ দিনের জন্য ছাপানোর অনুরোধ করা হলো।)
২৪. জনাব..........................................................................
২৫. অফিস কপি/নোটিশ বোর্ড।

১১/০১/২০২১
(মোঃ রাকিবুল হাসান)
রেভিনিউ ডেপুটি কালেক্টর, খুলনা
ও
সদস্য-সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
ফোনঃ ০৪১-২৮৩০০৪৩ (অফিস)
ই-মেইলঃ khulna.rdc@gmail.com

বুক পোস্ট

বাংলাদেশ রাষ্ট্রীয় কার্যে ব্যবহার্য

প্রেরক ঃ
জেলা প্রশাসকের কার্যালয়